

শিক্ষকরাই পারে সমাজ পরিবর্তনে ভূমিকা রাখতে -এটিএম আজহার

তারাগঞ্জ (রংপুর) প্রতিনিধি
২৭ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক **আমাদেশময়**



এটিএম আজহারকূল ইসলাম বলেন, দেশ, জাতি এবং সমাজ পরিবর্তনে বড় ভূমিকা রাখতে পারে শিক্ষক সমাজ। তারা মানুষকে মোটিভেশন করে ভালো পরামর্শ দিয়ে ভালো কাজ শিখিয়ে দ্বিনের এবং ইসলামের পরিপূর্ণ শিক্ষা দিয়ে জাতি, রাষ্ট্র এবং সমাজের পরিত্ন করতে পারে। কারণ শিক্ষকদের এবং শিক্ষিতদের সবাই সম্মান ও শুদ্ধার চোখে দেখে।

গতকাল শনিবার সকালে রংপুরের তারাগঞ্জ ও/এ (ওয়াকফ এস্টেট) কামিল মাদ্রাসার হল রুমে অনুষ্ঠিত শিক্ষক-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় সভায় বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সহকারী সেক্রেটারি জেনারেল এটিএম আজহারকূল ইসলাম এ কথা বলেন।

তারাগঞ্জ কামিল মাদ্রাসার অধ্যক্ষ ড. এএসএম, আব্দুস সালামের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় আরও বক্তব্য রাখেন N বদরগঞ্জ উপজেলা জামায়াতের আমির কামারুজ্জামান, তারাগঞ্জ উপজেলা আমির এসএম আলমগীর হোসেনসহ শিক্ষক-কর্মচারীরা।